**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬-০৩ তারিখ: ০৮/০২/২০২৬খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা-২০২৬" প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) **আবেদনের যোগ্যতা:**

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন;

খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে;

(২) মাসিক ২০০০/-(দুই) হাজার টাকা হারে বাৎসরিক ২৪০০০/-(চব্বিশ হাজার)টাকা ০৭ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি ২০২৬ থেকে তা কার্যকর হবে;

(৩) **একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথকভাবে আবেদন করতে হবে (সর্বোচ্চ-২ জন);**

(৪) **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-**

ক) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার পাসপোর্ট এর ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে) ;
খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC (সরাসরি আবেদনের ক্ষেত্রে);
গ) সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদনের ক্ষেত্রে ০১(এক) কপি ছবি;
ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
ঙ) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার বিএমইটি'র বহির্গমন ছাড়পত্রের পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি (সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য);
চ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);

(৫) **আবেদনের প্রক্রিয়া:**

ক) **অনলাইনে আবেদন-**

I) অনলাইনে আবেদনের লিংক: **https://portal.wewb.gov.bd/**

II) অনলাইনে আবেদন গ্রহণের সময়: ১৫ ফেব্রুয়ারী ২০২৬ হতে ৩১ মার্চ ২০২৬পর্যন্ত;

খ) **সরাসরি আবেদনের-**

I) শুধুমাত্র ০১-১২-২০০৪ইং তারিখের পূর্বে ইস্যুকৃত পাসপোর্টে ম্যানুয়াল বহির্গমন ছাড়পত্রের ক্ষেত্রে বোর্ডের উপ-পরিচালক(তথ্য ও জনসংযোগ)অথবা সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)প্রবাসী কল্যাণ সেন্টার কর্তৃক মূল পাসপোর্ট উপস্থাপনপূর্বক সত্যায়ন করে আবেদন সাথে জমা দিতে হবে;

II) সরাসরি আবেদনের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়/ বোর্ডের ওয়েবসাইট **www.wewb.gov.bd** / প্রবাসী কল্যাণ সেন্টার হতে আবেদপত্র বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;

III) সরাসরি আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ওয়েজ **আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা**র ঠিকানায় পৌঁছাতে হবে;

(৬) আবেদনে তথ্য ভুল প্রমানিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৮) **২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ এবং ২০২৫** সালে "প্রতিবন্ধী ভাতা" প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই;

(৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টারে (দেশ থেকে: **১৬১৩৫** টোল ফ্রি, বিদেশ থেকে **+৮৮০৯৬১০১০১০৩০**) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ সাইদুর রহমান
উপসচিব
পরিচালক (তথ্য প্রযুক্তি,গবেষণা ও পরিকল্পনা)
d.irp@wewb.gov.bd